



স্মারক নং : পনি/উমা/বিজ্ঞপ্তি/১১০

তারিখ : ১৮-০৮-২০২১ খ্রি.

বিষয় : ২০২১ সালের এসএসসি/এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ব্যবহারিক খাতা জমাদান সংক্রান্ত নির্দেশিকা

সূত্র : জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ১২-০৮-২০২১ তারিখের ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/১২৩১ নং স্মারক পত্র ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে ২০২১ সালের এসএসসি/এইচএসসি পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিन্যাস করা হয়েছে। যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে কি কি ব্যবহারিক করতে হবে তাও উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের এসএসসি/এইচএসসি পরীক্ষার্থীদের শুধুমাত্র নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেহেতু নৈর্বাচনিক বিষয়ের ব্যবহারিক খাতা (নোট বুক) জমা নেয়া প্রয়োজন।

- ২) এসএসসি পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক প্রত্যেক বিষয়ের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের যে কোন ০২ (দুই) টি ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরী করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে।
- ৩) একইভাবে এইচএসসি পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক বিষয়ের প্রতিটি (যে বিষয়ে ব্যবহারিক আছে) প্রতি পত্রের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের ০২ (দুই) টি করে ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরী করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে।
- ৪) উল্লেখ্য যে, ইতোমধ্যে যদি কোন পরীক্ষার্থী ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রতিপত্রে (০২ (দুই) টির বেশী ব্যবহারিক কার্যক্রম সম্পন্ন করে থাকে তাহলেও পরীক্ষার্থী ঐ ব্যবহারিক খাতা (নোট বুক) জমা দিতে পারবে।

সংযুক্তি : জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের পত্র।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর মাধব চন্দ্র রত্ন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতায় সকল

মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/

কলেজ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। অফিস কপি



স্মারক নং: ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/০২২৩১


তারিখ: ২৭ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
১২ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২১ সালের এসএসসি/সমমানের এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের
ব্যবহারিক খাতা জমা দান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড ১৯ অস্তিমারির কারণে ইতোমধ্যে ২০২১ সালের এসএসসি/সমমানের এবং এইচএসসি/সমমানের পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিদ্যাস করা হয়েছে। যেসব বিষয়ে ব্যবহারিক আছে সেসব বিষয়ে পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচিতে কী কী ব্যবহারিক করতে হবে তাও উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের শুধুমাত্র নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেহেতু যেসব নৈর্বাচনিক বিষয়ের ব্যবহারিক আছে সেসব নৈর্বাচনিক বিষয়ের ব্যবহারিকের খাতা (নেট বুক) জমা নেওয়া প্রয়োজন।

এসএসসি/সমমানের পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক প্রত্যেক বিষয়ের পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের কোনো দু'টি ব্যবহারিক কার্যক্রমের খাতা (নেট বুক) তৈরি করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে। একইভাবে এইচএসসি/সমমানের পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক বিষয়ের প্রতিটির (যেগুলোতে ব্যবহারিক আছে) প্রতি পত্রের জন্য পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের দু'টি করে ব্যবহারিক কার্যক্রমের খাতা (নেট বুক) তৈরি করে জমা দিতে হবে।

এই বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে সন্নির্ভক অনুরোধ জানানো হলো।


১২.০৮.২১
(প্রফেসর নাজমুল চৌধুরী সাহা)

চেয়ারম্যান

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
ফোন: ৯৫৬৫৪৩২

অনুলিপি:

- ১-৮। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
(ঢাকা, যশোর, কুমিল্লা, রাজশাহী, বরিশাল, সিলেট, চট্টগ্রাম, দিনাজপুর)
- ০৯। সদস্য শিক্ষাক্রম
- ১০। একান্ত সচিব, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ
- ১১। পিএ টু চেয়ারম্যান, এনসিটিবি
- ১২। সংরক্ষণ নথি।